অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১০.০১৮.১০.১৫-২৪ তারিখঃ ১১/০১/২০১৭ খ্রিঃ।

বিষয় ঃ ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ও অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনার আওতায় অধ্যক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ও মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এর মধ্যে ২৪/০৬/২০১৬ খ্রিঃ তারিখে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালায় কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষন ও অর্থ-বছরের ছয় মাস অতিক্রান্ত হওয়ার পর অর্জিত ফলাফল মূল্যায়নের বিষয়টি অর্ন্তভুক্ত রয়েছে।

২. ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে চুক্তির মেয়াদ ছয় মাস পূর্ণ হওয়ার প্রেক্ষিতে ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে দ্বিতীয় কোয়ার্টার মেয়াদে ও ছয় মাসে অর্জিত ফলাফলসহ একটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ও একটি অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে অত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

৩. ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন/অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করার ক্ষেত্রে নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

(ক) চুক্তিতে নির্ধারিত প্রতিটি লক্ষ্যমাত্রার বিপরীত ০১ জুলাই, ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত প্রকৃত অর্জন সংশ্লিষ্ট কলামে উল্লেখ করতে হবে। লক্ষ্যমাত্রার একক অনুযায়ী অর্জন উল্লেখ করতে হবে অর্থ্যাৎ লক্ষ্যমাত্রা যদি তারিখ হয় এবং তা যে তারিখে অর্জিত হয়েছে সে তারিখ অর্জন কলামে উল্লেখ করতে হবে অথবা লক্ষ্যমাত্রা যদি সংখ্যা বা শতকরায় হয় সেক্ষেত্রে অর্জন সংখ্যা বা শতকরায় উল্লেখ করতে হবে।

(খ) অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করার ক্ষেত্রে চলতি অর্থ-বছরের প্রথম ও দ্বিতীয় কোয়ার্টারের মোট অর্জন অর্ধ-বার্ষিক অর্জন কলামে উল্লেখ করতে হবে। উদাহরণস্বরূপ বলা যায়, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট কর্তৃক মানসম্মত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের ক্ষেত্রে প্রবেশগম্যতার উন্নয়ন ঘটানো সংক্রান্ত কৌশলগত উদ্দেশ্যের আওতায় শিক্ষক ও আইএমসির সদস্যদের টিভিইটি প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের বিপরীতে ১০০ জন শিক্ষক ও আইএমসির সদস্যদের টিভিইটি প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা হিসাবে নির্ধারণ করা হয়েছে। ধরা যাক, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট এক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত ৩০ জন শিক্ষক ও আইএমসির সদস্যদের টিভিইটি প্রশিক্ষণ প্রদান করতে পেরেছে এবং প্রথম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনে তা উল্লেখ করা হয়েছে। পরবর্তী তিন মাসে অর্থ্যাৎ ৩১ ডিসেম্বর পর্যন্ত উক্ত বিভাগ আরও ২৫ জন শিক্ষক ও আইএমসির সদস্যদের টিভিইটি প্রশিক্ষণ প্রদান করতে পেরেছে। এক্ষেত্রে উক্ত কার্যক্রমের বিপরীতে ষান্মাসিক অর্জন হিসাবে ৫৫ জন উল্লেখ করতে হবে।

(গ) মন্তব্যের কলামে কোন লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণসমূহ এবং পরবর্তী ৬ মাসে তা কিভাবে অর্জিত হতে পারে সে বিষয়ে উল্লেখ করতে হবে।

৪. ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন/অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সম্পর্কিত কোন বিষয়ে অধিকতর ব্যাখ্যা বা স্পষ্টীকরণ প্রয়োজন হলে কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত টিমের সদস্য ও ফোকাল পয়েন্ট সহকারি পরিচালক জনাব মোঃ আককাছ আলী সেখ এর (ফোনঃ ০২-৮১৮১২২৯) সঙ্গে যোগাযোগ করতে পারেন।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৫.	২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসির অগ্রগতি প্রতিবেদন *(অক্টোবর, ২০১৬ থেকে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত)* ও অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন *(জুলাই,২০১৬ থেকে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত)* সংযুক্ত ছক মোতাবেক প্রস্তুত করে ১৫ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি *(এমএস এক্সেল ও পিডিএফ উভয় ফরমেটে)* dtead1@gmail.com ই-মেইলে এবং হার্ডকপি অত্র অধিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি ঃ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ও অর্ধ-বার্ষিক কর্মসম্পাদন মূল্যায়ন ছক ০১ (এক) পাতা।

১১/০১/১৭
(মোঃ অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (প্রশাসন)

নং- ৩৭.০৩.০০০০.০১০.০১৮.১০.১৫-২৪(১১)	তারিখ ঃ ১১/০১/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১।	পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/পিআইডিব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২।	অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮ ।
৩।	অধ্যক্ষ, সিলেট/ফরিদপুর/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ।
৪।	অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)।
৫।	অধ্যক্ষ, ফেনী কম্পিউটার/বাংলাদেশ সার্ভে/গ্রাফিক আর্টস/বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট।
৬।	অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৭।	অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।
৮।	সহকারী পরিচালক, শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
৯।	সংযুক্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর [পত্রটি ওয়েব-সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো]।
১০।	মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১১।	সংরক্ষণ কপি।

(মোঃ আককাছ আলী সেখ)
সহকারি পরিচালক
ফোন ঃ ০২-৮১৮১২২৯

ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ছক ঃ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রমসমূহ (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | লক্ষমাত্রা / অর্জন | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | সন্তোষজনক নয় | চলমান |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| সংশ্লিষ্ট কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্য | | | | | | | | | | | | |
| | | | | | লক্ষমাত্রা | | | | | | | |
| | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | লক্ষমাত্রা | | | | | | | |
| | | | | | অর্জন | | | | | | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য | | | | | | | | | | | | |
| | | | | | লক্ষমাত্রা | | | | | | | |
| | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | লক্ষমাত্রা | | | | | | | |
| | | | | | অর্জন | | | | | | | |

অর্ধ-বার্ষিক কর্মসম্পাদন মূল্যায়ন ছক ঃ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রমসমূহ | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষমাত্রা / অর্জন | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | অর্ধ-বার্ষিক অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| সংশ্লিষ্ট কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্য | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |